গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

১৫ চৈত্র ১৪২৪
নং-৫২.০০.০০০০.০১০.০৬.০৪৮.১৬-৬৫ তারিখঃ -----------------
২৯ মার্চ ২০১৮

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ফেব্রুয়ারি/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২৮ মার্চ ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ফেব্রুয়ারি/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে তা অবহিতকরণপূর্বক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৪.০৪.২০১৮ তারিখের মধ্যে অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২৯/৩/১৮
শেখ মুর্শিদুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ:

০১। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন /তথ্য ব্যবস্থাপনা/ প্রশাসন),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। যুগ্ম সচিব (প্রশাসন/বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১০। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। আইন কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
০২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় শাখা
www.sid.gov.bd

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ফেব্রুয়ারি/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২৮-০৩-২০১৮ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : | সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী<br>ভারপ্রাপ্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব এ বি এম জাকির হোসাইন আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। বিগত জানুয়ারি/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অত:পর কার্যপত্রের আলোকে বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২০০টি ১ম শ্রেণির পদে নিয়োগ/পদোন্নতিঃ**<br>৩৬তম বিসিএস থেকে নন-ক্যাডার হিসেবে ১৩ জনকে পরিসংখ্যান কর্মকর্তা হিসেবে নিয়োগের সুপারিশ করা হয়েছে। | অবশিষ্ট ০৫ (পাঁচ) জন পরিসংখ্যান কর্মকর্তা নিয়োগের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে পত্র দিতে হবে এবং কর্মকর্তা নিয়োগের বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) পিএসসি এর সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখবেন। | যুগ্মসচিব (প্রশাসন)<br>SID | অতিরিক্ত সচিব (প্রশাসন),<br>SID |
| ২ | **বিবিএস এর নন-ক্যাডার কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৫ প্রণয়ন:**<br>জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ইতোমধ্যে "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা (নন-ক্যাডার/ক্যাডার বহির্ভূত) ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৫" এর পরিবর্তে **"বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮"** নামকরণ করা হয়েছে। সে প্রেক্ষিতে নিয়োগ বিধিমালাটির ৩০(ত্রিশ) সেট ও সংশ্লিষ্ট কাগজপত্র প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপনের জন্য গত ০৮/০৩/২০১৮ তারিখের ৩৫ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগপূর্বক নিয়োগ বিধিমালা, ২০১৮ দ্রুত সচিব কমিটিতে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসচিব<br>( প্রশাসন-৩)<br>SID | যুগ্মসচিব (প্রশাসন),<br>পরিচালক (এফএ এন্ড এম আই এস উইং)<br>বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **বিবিএস এর ২য় পর্যায়ে অর্গানোগ্রাম প্রণয়ন:**<br>জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২১/১২/২০১৭ তারিখে বিবিএস এর উন্নয়ন প্রকল্প হতে ক্রয়কৃত যানবাহনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত তথ্যাদি ও চেকলিস্ট অনুযায়ী পদ সৃজনের প্রস্তাব প্রেরণের নির্দেশনা দিয়ে এ বিভাগে ফেরত পাঠানো হয়। সে প্রেক্ষিতে গত ০৮/০১/২০১৮ তারিখের ০৯ নং স্মারকে উক্ত তথ্যাদি এ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়। গত ২০/০৩/২০১৮ তারিখে Organogram পাওয়া গিয়েছে। Organogram এর উপর পরীক্ষা নিরীক্ষা চলছে প্রশাসন-০৩ অধিশাখায়। | অর্গানোগ্রাম পরীক্ষান্তে আগামী ১৫/০৪/২০১৮ খ্রি: তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও পরিচালক (এফএ এন্ড এম আই এস উইং) বিবিএস |
| ৪ | **জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমি প্রতিষ্ঠার জন্য জমি বরাদ্দ প্রদান সংক্রান্ত:**<br>জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমি প্রতিষ্ঠার জন্য জমি বরাদ্দের বিষয়ে আলোচনা হয়। | রাজউকের সাথে ব্যক্তিগত ভাবে যোগাযোগ করে প্রস্তাবিত একাডেমীর জন্য জমি বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক(SSTI), BBS | যুগ্ম সচিব (প্রশাসন) SID |
| ৫ | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>কর্মঘন্টা অনুসারে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য গ্রেড-১৬ হতে তদুর্দ্ধ কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি প্রশিক্ষণ কোর্স ৬-৭ মার্চ ২০১৮ তারিখ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণটির ব্যয় "পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আধুনিকীকরণ ও শক্তিশালীকরণ" প্রকল্প হতে ব্যয় করা হয়েছে। আগামী ০২/০৪/২০১৮ খ্রি: তারিখে APA বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হবে। | যথাসময়ে সকল প্রশিক্ষণ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (প্রশাসন), SID ও পরিচালক, SSTI | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ৬ | **পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত:**<br>পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১) আগামী ০১ (এক) মাসের মধ্যে রংকরণ কার্যক্রম সুষ্ঠুভাবে শেষ করতে হবে।<br>২) অভ্যর্থনা কাউন্টারে সার্বক্ষনিক দায়িত্ব পালনের জন্য জনবল নিযুক্ত থাকবে।<br>৩) ছুটির দিন ব্যতীত পরিসংখ্যান ভবনের নিরাপত্তার স্বার্থে প্রধান ফটকে আনসার কর্মরত থাকবে। | পরিচালক (FA & MIS), BBS | মহাপরিচালক, BBS |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | **ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:**<br>মন্ত্রিপরিষদ বিভাগের ০৪/০২/২০১৮ তারিখের নির্দেশনা মতে ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য এ বিভাগের সকল শাখা/অধিশাখা এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ করা হয়েছে। | E-filing এর মাধ্যমে শতভাগ নথি উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), SID ও পরিচালক (MIS), BBS এবং পরিচালক (Computer), BBS | মহাপরিচালক, BBS ও অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ৮ | **অডিট আপত্তি সংক্রান্ত:**<br>মোট অডিট আপত্তি ৪৬টি, তন্মধ্যে ৭টি নিষ্পত্তি হয়েছে। বাকী ৩৯টির ব্রডসীট জবাব এর মাধ্যমে ৯টি নিষ্পত্তির জন্য প্রেরণ করা হয়েছে। ৩০টির জবাব বিবিএস থেকে পাওয়া গিয়েছে। | অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ৩০টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভা আহ্বান করতে হবে। জেলা গেজেটিয়ার এর অডিট আপত্তিগুলো নিষ্পত্তির জন্য পুনরায় সংশোধিত পিপিএনবি প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ৯ | **অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:**<br>অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) বিষয়ে আলোচনা করা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, গত মাসে কোন অভিযোগ পাওয়া যায় নাই। | অভিযোগ পাওয়া মাত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ১০ | **মামলা সংক্রান্ত:**<br>মামলাসমূহ মনিটরিং পূর্বক সর্বশেষ তালিকা প্রস্তুত করা হয়েছে। রিট-১৭টি, এটি-১৯টি, দেওয়ানী-০৫টি ও সিআর-০১টি, মোট মামলা ৪২টি। | মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-মহাপরিচালক BBS | মহাপরিচালক BBS |
| ১১ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:**<br>APA অনুযায়ী কার্যক্রম পরিচালনার বিষয়ে মনিটরিং করা হচ্ছে। এপ্রিল মাসের ১ম সপ্তাহে ত্রৈমাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। | APA-তে বর্ণিত লক্ষমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | সদস্য সচিব (এসডিজি সেল)SID, পরিচালক (প্লানিংসেল) বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |
| ১২ | **শুদ্ধাচার কৌশল:**<br>এপ্রিল মাসে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হবে। | শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে এবং যথাযথভাবে শুদ্ধাচার কৌশল প্রশিক্ষণ এর ব্যবস্থা করতে হবে। | সদস্য সচিব (এসডিজি সেল)SID, | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ১৩ | **তথ্য অধিকার আইন (RTI) অনুযায়ী তথ্য প্রদান সংক্রান্ত:**<br>তথ্য অধিকার আইন (RTI) অনুযায়ী যে কোন সংস্থা/ব্যক্তি কর্তৃক চাহিত তথ্য বিধি মোতাবেক সরবরাহের বিষয়ে আলোচনা | তথ্য অধিকার আইন অনুযায়ী চাহিত তথ্য প্রদান করতে হবে। | উপ-সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | **যানবাহন সংক্রান্ত:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) ৫৯টি গাড়ি টিও এন্ড ই-তে অন্তর্ভুক্ত করার জন্য ১৫/৩/২০১৭ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। প্রকল্পের গাড়ী পরিবহন পুলে জমা দেয়ার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় অনুরোধ করে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে প্রাপ্ত তথ্য যাচাই বাছাই করে পুনরায় বিস্তারিত তথ্য প্রদানের জন্য বিবিএসকে পত্র দেয়া হয়েছে। সমাপ্ত প্রকল্পের গাড়ী টিও এন্ড ই'তে অন্তর্ভুক্ত করণ কাগজপত্রসহ গাড়ী এফএ এন্ড এমআইএস উইং এ জমা দেয়ার বিষয়ে অবগত করা হয়েছে। এ বিষয়ে উপমহাপরিচালক বিবিএস-কে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। | গঠিত কমিটি গাড়ীর প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুতপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | উপসচিব (বাজেট), SID<br>প্রকল্প পরিচালক (সকল) বিবিএস<br>ও<br>উপ-মহাপরিচালক বিবিএস | মহাপরিচালক, BBS<br>ও<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ১৫ | **পরিচালক/যুগ্মপরিচালক পদে পদোন্নতিঃ** পরিচালক, যুগ্ম পরিচালক, উপপরিচালক, পরিসংখ্যান কর্মকর্তা, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | নিয়মিত পদোন্নতি প্রদান অব্যাহত রাখতে হবে। | উপ-সচিব (প্রশাসন-১) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ:**<br>ক) মুক্তিযোদ্ধা কোটায় ৩য় শ্রেণির রাজস্ব বাজেটে ১৬০টি শূন্যপদের মধ্যে ৯০টি পদে নিয়োগের প্রক্রিয়া সমাপ্ত। বর্তমানে পুলিশ ভেরিফিকেশন চলছে।<br>(খ) রাজস্ব বাজেটে ২৪৫টি এবং ৫৯৩টি শূন্যপদে নিয়োগের বিষয়ে বিজ্ঞ আদালতে ১৪৮৫৭/১৭ নং রীট মোকদ্দমায় ৬ (ছয়) মাসের স্থিতাবস্থার আদেশ হয়েছে। মোকদ্দমার জবাব যথাসময়ে দেয়া হয়েছে। তারপর শুনানীন্তে স্থগিতাদেশ প্রত্যাহারের আবেদন নিষ্পত্তির জন্য ভ্যাকেশন জাষ্টিস কোর্টে আপীল আবেদন করা হয়। কিন্তু শুনানীঅন্তে আপীল ডিসমিস করে মূল রীটে নিষ্পত্তি করার জন্য পরামর্শ দেয়া হয়। মূল রীটের পরবর্তী ধার্য্য তারিখ পাওয়া যায় নাই। | ক) পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে সুপারিশকৃত কর্মচারীদের অনুকূলে দ্রুত নিয়োগপত্র ইস্যু করতে হবে।<br>খ) উপ-মহাপরিচালক, বিবিএস বিজ্ঞ আদালতে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-মহাপরিচালক BBS | মহাপরিচালক BBS |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | আউট সোর্সিং এর মাধ্যমে ড্রাইভার , অফিস সহায়ক, চেইনম্যান, নিরাপত্তা প্রহরী এবং অন্যান্য পদে নিয়োগঃ পূর্বের টেন্ডার Non Responsive হওয়ায় পুনঃটেন্ডার আহবান করা হয়েছে। | বিধি মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক BBS | মহাপরিচালক BBS |
| ৩ | **বিবিধ:** | | | |
| | **ক) ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত:**<br>বর্তমান রিডান্টেট লিংক সহ পর্যাপ্ত ব্যান্ডউইথ এর মাধ্যমে বিবিএস এর ইন্টারনেট সচল আছে। এছাড়া অফিসের ব্যবহারকারীর সংখ্যা বাড়ানোর জন্য আধুনিক ট্রাক্টার কেবলিং করা হবে (টেন্ডার প্রক্রিয়া চলমান)।<br>**খ) ফ্লাট বরাদ্দ সংক্রান্ত:**<br>পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক আগারগাঁও, ঢাকাতে নির্মিতব্য ফ্লাটগুলির মধ্যে কয়েকটি ফ্লাট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বরাদ্দ প্রাপ্তির বিষয়ে আলোচনা করা হয়। | ক) ওয়েবসাইট নিয়মিত Update রাখতে হবে।<br><br>খ) পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক আগারগাঁও, ঢাকাতে নির্মিতব্য ফ্লাটগুলির মধ্যে কয়েকটি ফ্লাট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বরাদ্দ প্রাপ্তির নিমিত্তে পরিকল্পনা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | প্রোগ্রামার, SID পরিচালক, কম্পিউটার উইং বিবিএস<br><br>যুগ্মসচিব (প্রশাসন) SID | মহাপরিচালক BBS<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে জানান,

ক) ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে এবং শৃঙ্খলা মেনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে আন্তরিকতার সহিত কাজ করার আহ্বান জানান।

খ) SAARCSTAT এর নবম সভা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
ভারপ্রাপ্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।